



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যংক

“আদায় বিতরণ শতভাগে
রাকাব চলবে সবার আগে”

প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ আদায় বিভাগ-১

ফোন: (০৭২১)৮৬২৪৬০
ই-মেইল: dgmlrd1@rakub.org.bd
www.rakub.org.bd

সার্কুলার লেটার নং-০২/২০১৫

তারিখ : ১০.১১.২০১৫

বিষয় : শীর্ষ-৫০ ঋণ খেলাপীর ঋণ আদায় কমিটি গঠন ও বাস্তবায়ন প্রসঙ্গে।

রাকাব, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিটের সূত্র নং প্রকা/ঝুঁকি-০৭/২০১৫-২০১৬/৪৪(৪৪৫) তারিখঃ ২১/০৯/২০১৫ মোতাবেক অনুষ্ঠিত ৫৯তম সভার কার্যবিবরণীর ১০ নং অনুচ্ছেদের নির্দেশনা নিম্নে বর্ণিত হলোঃ-

“ শীর্ষ-৫০ ঋণ খেলাপীদের নিয়ে দ্বি-পাক্ষিক আলোচনার উদ্দেশ্যে শাখা, জোনাল, বিভাগীয় পর্যায়ে এবং প্রধান কার্যালয়ে কমিটি গঠন করতে হবে। সংশ্লিষ্ট পর্যায়ের কমিটি শীর্ষ-৫০ ঋণ খেলাপীদের নিয়ে ত্রৈমাসিক ভিত্তিতে দ্বি-পাক্ষিক সভার আয়োজন করবে। ”

০২। উপরোক্ত নির্দেশনার প্রেক্ষিতে শীর্ষ-৫০ ঋণ খেলাপীদের ঋণ আদায় নিশ্চিত করার লক্ষ্যে যথাক্রমে ব্যবস্থাপনা পরিচালক, উপ-ব্যবস্থাপনা পরিচালক, বিভাগীয় মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (নিহিআ) ও জোনাল ব্যবস্থাপক এর সভাপতিত্বে পৃথক পৃথক খেলাপী ঋণ আদায় কমিটি গঠন করা হলো। উক্ত কমিটিসমূহের গঠন প্রনালী ও কার্য পরিধি নিম্নরূপ হবে:-

০৩। গঠনপ্রনালী :

প্রধান কার্যালয় পর্যায়ের কমিটি

ব্যবস্থাপনা পরিচালক	সভাপতি
উপ-ব্যবস্থাপনা পরিচালক	সদস্য
মহাব্যবস্থাপক (নিহিআ)	সদস্য
মহাব্যবস্থাপক (প্রশাসন)	সদস্য
মহাব্যবস্থাপক (পরিচালন)	সদস্য
উপ-মহাব্যবস্থাপক, আইসিসি বিভাগ	সদস্য
উপ-মহাব্যবস্থাপক, ঋণ ও অগ্রিম বিভাগ-১	সদস্য
উপ-মহাব্যবস্থাপক, ঋণ আদায় বিভাগ-২	সদস্য
উপ-মহাব্যবস্থাপক, ঋণ আদায় বিভাগ-১	সদস্য-সচিব

বিভাগীয় পর্যায়ের কমিটি

উপ-ব্যবস্থাপনা পরিচালক	সভাপতি
বিভাগীয় মহাব্যবস্থাপক	সদস্য
বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা	সদস্য
হেডকোয়ার্টার জোনাল ব্যবস্থাপক	সদস্য
সংশ্লিষ্ট জোনাল ব্যবস্থাপক	সদস্য
উপ-মহাব্যবস্থাপক/ বিভাগীয় কার্যালয়ের জ্যেষ্ঠতম কর্মকর্তা	সদস্য-সচিব

জোনাল পর্যায়ের কমিটি

বিভাগীয় মহাব্যবস্থাপক	সভাপতি
জোনাল ব্যবস্থাপক	সদস্য
জোনাল নিরীক্ষা কর্মকর্তা	সদস্য
হেডকোয়ার্টার ব্যবস্থাপক	সদস্য
জোনাল কার্যালয়ের জ্যেষ্ঠতম কর্মকর্তা	সদস্য-সচিব

এলপিও পর্যায়ের কমিটি

মহাব্যবস্থাপক (নিহিআ)	সভাপতি
উপ-মহাব্যবস্থাপক, ঋণ আদায় বিভাগ- ১ ও ২	সদস্য
উপ-মহাব্যবস্থাপক, এলপিও	সদস্য
সহকারী মহাব্যবস্থাপক/ এলপিও এর জ্যেষ্ঠতম কর্মকর্তা	সদস্য-সচিব

শাখা পর্যায়ের কমিটি

জোনাল ব্যবস্থাপক	সভাপতি
জোনাল নিরীক্ষা কর্মকর্তা	সদস্য
শাখা ব্যবস্থাপক	সদস্য-সচিব

এছাড়াও কমিটি প্রয়োজন মনে করলে এক বা একাধিক সদস্য অন্তর্ভুক্ত করতে পারবেন।

০৪। কার্যপরিধি

- ক) উপরোক্ত কমিটিসমূহ প্রত্যেক কার্যালয়ের আওতাধীন শীর্ষ-৫০ খেলাপী ঋণ গ্রহীতার তালিকা সংগ্রহ করে অবিলম্বে তাদের সাথে দ্বিপাক্ষিক আলোচনা অনুষ্ঠানসহ অন্যান্য সকল ব্যবস্থা গ্রহণ ও ব্যাংকের প্রচলিত নিয়মনীতি অনুসরণ করে সর্বোচ্চ পরিমাণ ঋণ আদায়ের ব্যবস্থা গ্রহণ করবে। আলোচনা ব্যর্থ হলে কমিটি খেলাপী ঋণ আদায়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ/চলতি মামলা সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।
- খ) স্ব স্ব জোন তাদের আওতাধীন শাখার শীর্ষ-৫০ ঋণ খেলাপীদের সাথে দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠানের তারিখ নির্ধারণ করবেন। উক্ত তারিখে ঋণ খেলাপীদের সাথে সভা অনুষ্ঠান নিশ্চিত করবেন। শাখার শীর্ষ-৫০ ঋণ খেলাপীদের সাথে দ্বিপাক্ষিক সভার কার্য বিবরণী জোনাল কার্যালয়ে প্রেরণ করবে।
- গ) জোনাল কার্যালয়সমূহ ত্রৈমাসিকভিত্তিতে দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত করবেন এবং দ্বিপাক্ষিক আলোচনা সভার কার্যবিবরণী যথাসময়ে ঋণ আদায় বিভাগ-১, প্রধান কার্যালয়ে প্রেরণ করবে।
- ঘ) বিভাগীয় কার্যালয়ে শীর্ষ-৫০ ঋণ খেলাপীদের সাথে দ্বিপাক্ষিক সভা ত্রৈমাসিকভিত্তিতে অনুষ্ঠিত করবেন। উক্ত সভার কার্যবিবরণী যথাসময়ে ঋণ আদায় বিভাগ-১, প্রধান কার্যালয়ে প্রেরণ করবে।
- ঙ) প্রধান কার্যালয়ে শীর্ষ-৫০ ঋণ খেলাপীদের সাথে দ্বিপাক্ষিক সভা ত্রৈমাসিকভিত্তিতে অনুষ্ঠিত হবে। প্রধান কার্যালয়ের ঋণ আদায় বিভাগ-১ উক্ত দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠান মনিটরিং করবে।

(মোঃ আবুল কাসেম)
মহাব্যবস্থাপক

প্রকা/স্বআবি-১/৬৩(১)/২০১৫-২০১৬/১৫৪(৪৪৭)

তারিখ : ১০.১১.২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (নিহিআ/প্রশাসন/পরিচালন) মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক, সচিব ও বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৭। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, সেক্টর নং-২, উপশহর, রাজশাহী।
- ৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ৯। অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাকাব, রাজশাহী।
- ১০। উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাকাব, রাজশাহী/ঢাকা শাখা, ঢাকা।
- ১১। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৪। অফিস নথি/মহানথি।

(মোঃ সফিয়ার রহমান)
উপ-মহাব্যবস্থাপক